

## নিরাপদ সড়ক আন্দোলনের অন্যতম উদ্যোক্তা ইলিয়াস কাঞ্চনের প্রতি বিদ্বেষমূলক বক্তব্য ছড়ানো: আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর তীব্র নিন্দা

সড়ক পরিবহন আইন বাতিলের দাবিতে পরিবহন শ্রমিকদের ধর্মঘট চলাকালে ‘নিরাপদ সড়ক চাই’ সামাজিক আন্দোলনের চেয়ারপারসন ও অভিনেতা ইলিয়াস কাঞ্চনের কুশপুত্তলিকা বানিয়ে গলায় জুতার মালা পড়ানো সহ তার বিরুদ্ধে নানা বিদ্বেষমূলক বক্তব্য প্রদান করা হয়েছে যা অত্যন্ত অগ্রহণযোগ্য ও নিন্দনীয়। এছাড়া কাঞ্চনের ছবি ব্যবহার করে নানা প্ল্যাকার্ড-ব্যানার প্রদর্শন হয়েছে, যেখানে বিভিন্ন ধরনের অপ্রীতিকর মন্তব্য লেখা হয়েছে।

গত কয়েক দশক ধরে ইলিয়াস কাঞ্চন নিরবিচ্ছিন্নভাবে সড়ক দুর্ঘটনা রোধে ও সড়কে নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছেন। নিরাপদ সড়কের দাবিতে সামাজিক আন্দোলন গড়ে তোলার এমন একটি উদ্যোগ নিয়ে সকলের মাঝে প্রশংসিত হয়েছেন। আমরা জানি, আমাদের দেশে সড়ক দুর্ঘটনায় প্রতিদিন অনেক সংখ্যক মানুষের অকাল মৃত্যু ঘটে। যে মৃত্যুর পিছনে অসচেতনতা, আইনের দুর্বলতা সহ চালকদের অবহেলা মূলত দায়ী বলে বিবেচিত হয়। দেশের সকল সড়ক নিরাপদ করার জন্য ও দুর্ঘটনায় অকাল মৃত্যু রোধে ইলিয়াস কাঞ্চন সব সময় সোচ্চার। এমন একজন সচেতন নাগরিকের বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে একটি পক্ষ পরিবহন শ্রমিকদের ক্ষেপিয়ে তুলছে। ফলে পরিবহন শ্রমিকেরা সড়ক নিরাপত্তা আইন বাস্তবায়িত হলে তারাও যে লাভবান হবে সে বিষয়টি উপলব্ধি না করে বরং ইলিয়াস কাঞ্চনের বিরুদ্ধে ঘৃণা ছড়াচ্ছে।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে, এসব প্রচারণা ইলিয়াস কাঞ্চনের নিরাপত্তার জন্য হুমকি হয়ে উঠতে পারে। এ কারণে আসক তার নিরাপত্তা নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে। পাশাপাশি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে এ ধরনের বিদ্বেষমূলক অপপ্রচার বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানাচ্ছে।